

## পরিদর্শন কার্যক্রম আরো জোরদার করতে হবে- শিক্ষামন্ত্রী

ঢাকা, ২৪ ডিসেম্বর ২০১৭

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম আরো জোরদার করতে হবে। পিয়ার (PEER) পরিদর্শন নিরীক্ষা কার্যক্রমকে আরো গতিশীল করেছে উল্লেখ করে তিনি বলেন, সঠিকভাবে ও সময়মত পরিদর্শন ও নিরীক্ষা না হলে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে জবাবদিহিতা থাকে না। শিক্ষার মান উন্নয়নেও পরিদর্শন ও নিরীক্ষা একটি গুরুত্বপূর্ণ উপাদান।

শিক্ষামন্ত্রী আজ ঢাকায় শিক্ষাভবনে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের (ডিআইএ) সম্মেলনক্ষেত্রে অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে ল্যাপটপ ও প্রশিক্ষণ সনদ বিতরণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, পরিদর্শন ও নিরীক্ষা সঠিকভাবে প্রতিষ্ঠান পরিচালনা এবং মান উন্নয়নের জন্য তাগিদ সৃষ্টি করে। দক্ষ প্রধান শিক্ষক বা অধ্যক্ষদের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানের পিয়ার পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম গতিশীলতা পাবে বলে তিনি আশা প্রকাশ করেন। দুর্নীতির বিষয়ে জিরো টলারেন্স নীতির পুনরোল্লেখ করে তিনি বলেন, ডিআইএ-এর কর্মকর্তাদের কোন দুর্নীতি সহ্য করা হবে না।

শিক্ষামন্ত্রী বলেন, প্রশিক্ষণে অর্জিত দক্ষতা কাজে লাগাতে হবে। আধুনিক প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে অর্পিত দায়িত্ব আরো দক্ষতার সাথে সম্পন্ন করার জন্য তিনি ডিআইএ-এর কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান।

ডিআইএ-এর পরিচালক প্রফেসর আহমদ সাজ্জাদ রশিদের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. এস এম ওয়াহিদুজ্জামান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের যুগ্মসচিব আহমেদ শামীম আল-রাজী এবং ডিআইএ-এর যুগ্ম পরিচালক বিপুল চন্দ্র সরকার বক্তৃতা করেন।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ২৭ জন কর্মকর্তার মাঝে ল্যাপটপ বিতরণ করেন। পরিদর্শন ও নিরীক্ষা এবং ই-ফাইলিং শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের সনদও প্রদান করেন মন্ত্রী।